# উন্নত চুলা ব্যবহার করুন

## ধোঁয়া-কালির কবল থেকে
## গৃহিনীকে মুক্ত রাখুন



জ্বালানী সাশ্রয় করুন, গাছ বাঁচান, পরিবেশ বাঁচান

gtz

গ্রামবাংলা
উন্নয়ন কমিটি

আমাদের দেশে রান্নার কাজে প্রায় শতকরা ৯০ ভাগ পরিবার প্রচলিত জ্বালানী যেমন: কাঠ, ডাল-পালা, খড়কুটা, পাতা, নাড়া, গোবর, ঘুটে ইত্যাদি ব্যবহার করায় জমির জৈব সার উৎপাদন ব্যাহত হচ্ছে। ফলে দিন দিন কমে যাচ্ছে জমির উর্বরতা। রাসায়নিক সারের উপর নির্ভরশীল হয়ে পড়েছে আমাদের কৃষকেরা।

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে প্রচলিত জ্বালানী ব্যবহারের পরিমাণও দিন দিন বেড়ে যাচ্ছে। এই বিপুল জনগোষ্ঠীর রান্না এবং অন্যান্য কাজের চাহিদা মেটাতে গাছপালা উজার হয়ে যাচ্ছে। বর্তমানে বাংলাদেশে বছরে প্রায় ৬ কোটি টন জৈব জ্বালানী ব্যাবহার হচ্ছে এর ফলে প্রচলিত জ্বালানীর স্বল্পতা দেখা দিয়েছে। প্রতিনিয়ত যে হারে গাছপালা কাটা হচ্ছে, সে হারে রোপন করা হচ্ছে না। ফলে ভারসাম্য হারাচ্ছে প্রকৃতি। মানুষ শিকার হচ্ছে নানান প্রাকৃতিক দূর্যোগের। যেখানে একটি দেশের মোট আয়তনের শতকরা ২৫ ভাগ বনভূমি থাকা আবশ্যক, সেখানে আমাদের দেশের বনভূমি রয়েছে মাত্র ১০ ভাগেরও কম ।

দেশের বিভিন্ন স্থানে নানা রকম প্রচলিত চুলা ব্যবহার হয়ে আসছে। গবেষণা করে দেখা গিয়েছে যে, এই সমস্ত চুলায় জ্বালানী পুড়িয়ে যতটুকু তাপ শক্তি পাওয়া যায়, তার মাত্র শতকরা ৫-১৫ ভাগ কাজে লাগে এবং বাকিটা অপচয় হয়। অন্যদিকে চুলায় সৃষ্ট বিষাক্ত গরম গ্যাস ও ভাসমান ক্ষুদ্র কণা ব্যবহারকারীর স্বাস্থ্যের ক্ষতি করে এবং পরিবেশকে বিষিয়ে তোলে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেবে, বাংলাদেশে প্রতি বছর ৩২ হাজার শিশু ও ১৪ হাজার মহিলা শুধু মাত্র রান্না ঘরের ধূয়া জনিত রোগের কারণে মারা যায়।

জ্বালানীর অপচয় রোধে ও রান্না ঘরে দুষণমুক্ত পরিবেশ বজায় রাখার উদ্দেশ্যে
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ [সায়েন্স ল্যাবরেটরি] উদ্ভাবন করে উন্নত চুলা। জার্মান টেকনিক্যাল কো-অপারেশন (জিটিজেড) এই উন্নত চুলাকে সঠিক সংস্করণের মাধ্যমে আরো কার্যকর করে তুলেছে।এই চুলা পারিবারিক রান্না-বান্না থেকে শুরু করে হোটেল, রেস্তোরা, ছাত্রাবাস, এতিমখানা, সেনানিবাস, পুলিশ ও আনসার ক্যাম্পে ব্যাবহার উপযোগী।

জার্মান টেকনিক্যাল কো-অপারেশনের(জিটিজেড)সহযোগিতায় **গ্রামবাংলা উন্নয়ন কমিটি** বিভিন্ন অঞ্চলের যুব ও যুব মহিলাদের ট্রেনিং দিয়ে তাদেরকে গড়ে তুলছে উন্নত চুলা তৈরীর প্রশিক্ষিত কারিগর ও সেবা কর্মী হিসেবে। গ্রাহকের চাহিদা বা টেলিফোন পাওয়া মাত্র এই সকল ট্রেনিং প্রাপ্ত কারিগররা গ্রাহকের বাড়িতে গিয়ে স্বল্প মূল্যে প্রস্তুত করে দিচ্ছে বিভিন্ন মাপের উন্নত চুলা। প্রয়োজনে গ্রাহকরা একাধিক সহজ কিস্তিতে মূল্য পরিশোধের সুবিধাও পেয়ে থাকেন।

# উন্নত চুলা কেন ব্যবহার করবেন?




## উন্নত চুলার অনেক সুবিধা:

- এতে অর্ধেকেরও বেশী লাকড়ি  বেঁচে যায়,
- উন্নত চুলা ব্যবহারে রান্নাঘরে ধোঁয়া হয় না, ব্যবহারকারীর স্বাস্থ্য ভাল থাকে,
- এ চুলা ব্যবহারে রান্নাঘরে কালি বা ঝুল পড়ে না,
- হাড়ি-পাতিল কম ময়লা হয়,
- কম সময়ে রান্না হয়,
- অগ্নি দুর্ঘটনার সম্ভাবনা কমে যায়,
- বায়ুমন্ডলে কার্বন-ডাই-অক্সাইড কম নির্গত হয় বলে 'গ্রিণ হাউস এফেক্ট' কমাতে সাহায্য করে,
- উন্নত চুলার ব্যবহার দারিদ্র কমায়।




মাটির তৈরী উন্নত চুলা



ইটের তৈরী উন্নত চুলা



ইটের তৈরী উন্নত চুলা (আই আকৃতি)



বাণিজ্যিক চুলা


## গ্রামবাংলা উন্নয়ন কমিটি

নলছিটি শাখা, খাসমহল রোড, নলছিটি, ঝালকাঠী

মোবাইল ফোনঃ ০১৭২০ ৫২৪৫৭৮ (মিলটন), ০১৭১৬ ৩৫০৬৩২ (সেলিম)

## গ্রামবাংলা উন্নয়ন কমিটি

বাউফল শাখা, বকুলতলা রোড, বাউফল, পটুয়াখালী

মোবাইল ফোনঃ ০১৭২৪ ৪৯৬৮৭০ (শাহজাহান খান)

## গ্রামবাংলা উন্নয়ন কমিটি

লৌহজং শাখা, গোয়ালীমান্দ্রা, লৌহজং, মুন্সীগঞ্জ

মোবাইল ফোনঃ ০১৭১১ ৩৯৫৩৯৫ (আলম)

## গ্রামবাংলা উন্নয়ন কমিটি

প্রধান কার্যালয়, মোহাম্মদীয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা

মোবাইল ফোনঃ ০১৭১১ ৩৯৫৩৯৫ (আলম)



**সহযোগিতায় : জার্মান টেকনিক্যাল কো-অপারেশন (জিটিজেড)**